তারিখ ... 2 JUN 2017 ...
পৃষ্ঠা ৮ ... কলাম ... ১ ...

যুগান্তর

# সোনারগাঁয়ে আহত শিক্ষার্থীদের স্কুল থেকে বের করে দেয়ার হুমকি

**যুগান্তর রিপোর্ট,** *সোনারগাঁ*

নারায়ণগঞ্জের সোনারগাঁ উপজেলার জামপুর ইউনিয়নের শিরাব এলাকায় অবস্থিত সোনারগাঁও আইডিয়াল স্কুল। এ স্কুলে কোচিংয়ে আসতে দেরি করায় ১৫ শিক্ষার্থীকে পিটিয়ে আহত করার পর রাতের বেলায় শিক্ষার্থীদের বাড়িতে গিয়ে স্কুল থেকে বের করে দেয়ার হুমকি দেয়ার অভিযোগ উঠে প্রধান শিক্ষকের বিরুদ্ধে। বুধবার সকালে শিক্ষার্থীদের পিটিয়ে আহত করার পর রাতে শিক্ষার্থীদের বাড়ি বাড়ি গিয়ে প্রধান শিক্ষক শিক্ষার্থীদের স্কুল থেকে বের করে দেয়ার হুমকি দেয়। এ ঘটনার প্রতিবাদে বৃহস্পতিবার সকালে এশিয়ান হাইওয়ে সড়কের বস্তল এলাকায় সড়ক অবরোধ করে শিক্ষার্থী ও অভিভাবকরা। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে শিক্ষার্থী অভিভাবকদের প্রধান শিক্ষকের বিচারের আশ্বাসে অবরোধ তুলে নেয় শিক্ষার্থী অভিভাবকরা। শিক্ষার্থীদের হুমকির খবর ছড়িয়ে পড়লে শিক্ষার্থী ও অভিভাবকরা স্কুলে আসতে থাকলে প্রধান শিক্ষক আশরাফুল ইসলাম দুলাল স্কুল থেকে পালিয়ে যায়। উপজেলার জামপুর ইউনিয়নের শিরাব এলাকায় আইডিয়াল স্কুলে রমজান মাসে শিক্ষার্থীদের কোচিং করতে বাধ্য করা হয়। এছাড়াও শিক্ষার্থীদের কাছ থেকে অন্যান্য সময় ৩শ' টাকা নিলেও রমজান মাসে ৫শ' টাকা আদায় করার অভিযোগ করেছে শিক্ষার্থীরা। ফলে স্কুলে শিক্ষার্থীরা কোচিং করতে অপারগতা স্বীকার করে। বুধবার সকালে শিক্ষার্থীরা দেরি করে কোচিং করতে যাওয়ায় স্কুলের প্রধান শিক্ষক আশরাফুল ইসলাম দুলাল ক্ষিপ্ত হয়ে শিক্ষার্থীদের এলোপাতাড়িভাবে বেত দিয়ে পেটায়। ১৫ জন শিক্ষার্থী আহত হয়। সোনারগাঁও থানার উপ-পরিদর্শক শাহ কামাল জানান, মহাসড়ক অবরোধের খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে শিক্ষার্থী ও অভিভাবকদের বুঝিয়ে সড়ক থেকে সরিয়ে দেয়া হয়েছে। স্কুলে গিয়ে ওই প্রধান শিক্ষককে পাওয়া যায়নি। সোনারগাঁও উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. শাহীনুর ইসলাম বলেন, বিষয়টি খুবই দুঃখজনক। পিটিয়ে আহত করার পর রাতে শিক্ষার্থীদের বাড়িতে গিয়ে হুমকি এটা কোনো ভাবেই কাম্য নয়। বিষয়টি তদন্ত করে ব্যবস্থা নেয়া হবে।